

পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী  
স্কুল এন্ড কলেজ, বগুড়া

জব্বারঃ পল্লী উন্নয়ন একাডেমী-৫৮৪২  
উপজেলা/থানাঃ শেরপুর, জেলাঃ বগুড়া, বাংলাদেশ।  
(স্থাপিত : ১৯৮৫)

ই-মেইল: principal.rdalse@rda.gov.bd ওয়েবসাইট:  
www.rdalse.edu.bd



**Rural Development Academy (RDA)**  
**Laboratory School & College, Bogura**  
Post Office: Rural Development Academy-5842  
Upazila/PS: Sherpur, District: Bogura, Bangladesh.  
Established: 1985  
E-mail: principal.rdalse@rda.gov.bd, Website: www.rdalse.edu.bd

স্মারক নং-পউএ/ল্যাবঃ/স্কুল এন্ড কলেজ/বগ/১০/২০২০/১৯১

তারিখঃ ০৮ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ  
২২ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক পরিচালিত পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়ার জন্য একজন অধ্যক্ষ আবশ্যিক। উপযুক্ত আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন প্রেরণের জন্য আহ্বান করা যাচ্ছে।

- পদের নাম** : অধ্যক্ষ (উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/স্কুল এন্ড কলেজ)।
- বেতনভাতাদি** : এমপিওভুক্ত শিক্ষকদের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০২১ অনুযায়ী। অথবা, নন-এমপিও ও চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বেতনভাতাদি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।
- শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)** : স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী/সমমান।
- অভিজ্ঞতা** : এমপিওভুক্ত অথবা ননএমপিওভুক্ত কলেজে উপাধ্যক্ষ/সহকারী অধ্যাপক পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। অথবা, চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে, সরকারী/বেসরকারী স্কুল ও কলেজে কমপক্ষে ০২ বছরের প্রশাসনিক কাজের অভিজ্ঞতাসহ অধ্যক্ষ/উপাধ্যক্ষ/অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক পদে কর্মরত ছিলেন/আছেন শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।

**আবেদন পত্র জমাদানের শেষ তারিখ** : ৩১ জুলাই, ২০২১ খ্রি:।

### আবেদনের শর্তাবলী:

- সভাপতি, পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ (Rural Development Academy Laboratory School & College, Sherpur, Bogura) বরাবর আবেদন করতে হবে।
- আবেদনের সাথে সুনির্দিষ্ট ছকে জীবন বৃত্তান্ত জমা প্রদান করতে হবে। জীবন বৃত্তান্তের ছক স্কুল এন্ড কলেজের ওয়েব সাইটে (Website: www.rdalse.edu.bd) পাওয়া যাবে।
- আবেদন পত্রের সাথে (ক) সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের কপি (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (ঙ) জাতীয় পরিচয়পত্রের কপি (চ) সভাপতি, পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়ার অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে। (ছ) আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ইতোপূর্বে যারা আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।
- অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। ডাক বিভাগের বিলম্বের জন্য কর্তৃপক্ষ কোন আবেদন গ্রহণ করতে বাধ্য থাকবে না।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন বা সংশোধন এমনকি সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মহাপরিচালক  
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া  
ও  
সভাপতি  
গভর্নিং বডি

পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, শেরপুর, বগুড়া।